**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT SILCHAR**

**MORNING BULLETIN SCRIPT**

**17 AUGUST 2025, 7:35 AM**

---

মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা গতকাল গৌহাটিতে মেঘালয়ের মুখ্যমন্ত্রী কনরাড সাংমার সঙ্গে সৌহার্দ্যপূর্ণ বৈঠকে মিলিত হন । বৈঠকে উভয় নেতাই দুই রাজ্যের মধ্যে পারষ্পরিক উন্নয়ন সুদৃঢ় করার বিষয় নিয়ে আলোচনা করেন । বৈঠকে উভয় রাজ্যের উন্নয়ন ও সহযোগিতামূলক পদক্ষেপ নিয়েও আলোচনা করা হয় ।

---

২০২৭ সালে আসামে জাতীয় ক্রীড়া মহোৎসব অনুষ্ঠিত হওয়ার সম্ভাবনা রয়েছে । উত্তর গৌহাটিতে গতকাল দুটি উন্নত মানের ক্রীড়া একাডেমীর উদ্বোধন করে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা এ কথা জানান । তিনি বলেন যে এই একাডেমী দুটির মাধ্যমে রাজ্যের ক্রীড়া ক্ষেত্রের আমূল পরিবর্তন নিয়ে আসা সম্ভব হবে । ডক্টর শর্মা বলেন যে বিশ্বমানের খেলোয়াড় সৃষ্টি করতে হলে খেলোয়াড়দের জন্য বিশ্বমানের সুবিধা সৃষ্টি করতে হবে এবং আসাম এই উদ্দেশ্যে প্রয়াস অব্যাহত রেখেছে ।
রাজ্যের প্রত্যেকটি জেলায় ক্রীড়ার অনুশীলনের জন্য উন্নতমানের পরিকাঠামো তৈরী করা হচ্ছে এবং প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থাও করা হয়েছে বলে মুখ্যমন্ত্রী উল্লেখ করেন । উল্লেখ্য ৪০ বিঘা জমিতে নির্মীত আসাম ক্রিকেট সংস্থার ক্রিকেট একাডেমী এবং গৌহাটি টাউন ক্লাবের ফুটবল একাডেমী দুটিতে হোষ্টেল , জিম , প্যাভিলিয়ন , ইন-ডোর ষ্টেডিয়াম ও মাঠ সহ সব ধরণের সুবিধার ব্যবস্থা করা হয়েছে ।

---

গৌহাটিতে অনুষ্ঠিত সুপার সিরিজ টেনিস প্রতিযোগিতায় আসামের নিব্রাস হুসেইন দ্বিমুকুট অর্জন করেছে । নিব্রাস হুসেইন সারা আসাম টেনিস সংস্থার উদ্যোগে আয়োজিত জাতীয় রেংকিং-এর এই প্রতিযোগিতায় ছেলেদের ১৪ বছর অনুর্ধ সিঙ্গলস এবং ডাবলস শাখায় বিজয়ী হয়েছে । ১৪ এবং ১৬ বছর অনুর্ধ ছেলে - মেয়েদের এই প্রতিযোগিতার সিঙ্গলসের ফাইনালে নিব্রাস কর্ণাটকের জস কুমারকে ৭-৫ এবং ৬-১ সেটে সরাসরি পরাজিত করে । অনুরূপভাবে , ডাবলসে নিব্রাস আসামের রিক রাউটারের সঙ্গে জুটি বেঁধে জস এবং সন্তোষ জুটিকে ৩-৬ , ৭-৫ এবং ১০-০ সেটে পরাজিত করে এই সাফল্য অর্জন করে ।

---

প্রধানমন্ত্রী ফসল বীমা যোজনার অধীনে নাম পঞ্জীয়নের অন্তিম তারিখ শালি ধানের জন্য ২০ আগষ্ট এবং ভূমি মাসের জন্য ১৫ সেপ্টেম্বর ধার্য করা হয়েছে । এ সম্পর্কে বিস্তারিত তথ্যের জন্য কৃষকদের স্থানীয় কৃষি আধিকারিক অথবা বীমা কোম্পানীর প্রতিনিধিদের সঙ্গে যোগাযোগ করতে বলা হয়েছে । উল্লেখ্য যে এই যোজনার অধীনে প্রাকৃতিক দুর্যোগ এবং অনাকাঙ্খিত লোকসানের জন্য কৃষকদের ক্ষতিপূরণ প্রদান করা হয় ।

---

হাইলাকান্দির জেলা সৈনিক কল্যাণ আধিকারিকের কার্যালয়ে একটি লিগ্যাল সার্ভিসেস ক্লিনিক খোলা হয়েছে । জেলার সৈনিক এবং প্রাক্তন সৈনিকদের বিভিন্ন আইনী পরিষেবা দিতে এই ক্লিনিকটি কাজ করবে । গতকাল জেলা সৈনিক কল্যাণ আধিকারিক কার্যালয়ে আয়োজিত এক অনুষ্ঠানে ফিতা কেটে ক্লিনিকটির উদ্বোধন করেন জেলা সৈনিক কল্যাণ আধিকারিক লেফটেনান্ট অবসরপ্রাপ্ত অখিলেশ কুমার যাদব ।

---

লায়ন্স ক্লাব শিলচর সেন্ট্রেল এবং লায়ন্স চক্ষু হাসপাতাল শিলচরের উদ্যোগে এবং ময়নাগড়ের স্বামী বিবেকানন্দ সেবা সমিতির ব্যাবস্থাপনায় আগামীকাল ময়নাগড় দূর্গামন্ডপ প্রাঙ্গণে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে । শিবিরটি সকাল ১০ টায় শুরু হবে ।

---

শিলচরের চৌধুরী আই হসপিটাল এন্ড রির্সাচ সেন্টারের উদ্যোগে আগামীকাল  কাছাড় জেলায় তিনটি চক্ষু পরীক্ষা শিবির অনুষ্টিত হবে । এই শিবিরগুলি

শিলচর সোনাই রোডের অপটিক প্যালেস , উধারবন্ধ এবং তাপাং-এ অনুষ্টিত হবে । শিবিরগুলি সকাল ১০টায় শুরু হবে ।